গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০৮.২২.০৩০.২৪-৫৩

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ এর অনুমোদিত ১ম সংশোধনী অন্তর্ভুক্ত করে **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ)** জারী করা হল।

১১.০৩.২০২৪

**(মোহাম্মদ আবদুর রউফ)**
যুগ্মসচিব
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: ০২-৫৫১৩৮৪৮৯
E-mail: companysecretary@dmtcl.gov.bd

**বিতরণ:**

১. প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬
২. পরিচালক (সকল), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)
৩. অতিরিক্ত প্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন), এমআরটি লাইন ৬ ও আহ্বায়ক, ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা কমিটি
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএমটিসিএল
৫. সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল [সংশোধনীসহ নীতিমালাটি ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল]
৬. অফিস কপি
৭. মাস্টার কপি

# ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ)

## ১। সংক্ষিপ্ত শিরোনাম, উদ্দেশ্য ও পরিধি

### ক. শিরোনাম

এই নীতিমালা **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩** হিসেবে অভিহিত হইবে।

### খ. উদ্দেশ্য

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতাধীন বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের মাধ্যমে যাত্রী আয় বহির্ভূত রাজস্ব (Non-fare Revenue) আহরণ।

### গ. পরিধি

এই নীতিমালা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের অধিক্ষেত্রের মধ্যে বাণিজ্যিক স্পেস হিসেবে চিহ্নিত স্থানসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## ২। সংজ্ঞা

১) **অঙ্গীকারনামা** অর্থ কর্তৃপক্ষের প্রদত্ত শর্তে ভাড়া/ইজারা গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত প্রতিশ্রুতি;

২) **ইউনিপোল (Unipole)** অর্থ বিজ্ঞাপন প্রদর্শনের নিমিত্ত একটি খুঁটি বা পোল দ্বারা স্থাপিত বিলবোর্ড;

৩) **ইজারা** অর্থ ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস প্রতিযোগিতামূলক ভাড়ায় জামানত ও অগ্রীম ইত্যাদি গ্রহণ করে নির্ধারিত মেয়াদের জন্য ইজারা প্রদান বুঝাবে;

৪) **ইলেকট্রনিক বিজ্ঞাপন** অর্থ বিদ্যুত চালিত মনিটর বা বড় পর্দার মাধ্যমে যে কোনো তথ্য বা বিজ্ঞাপন উপস্থাপন বা পরিবেশন;

৫) **ওয়াল সাইন** অর্থ মেট্রোরেল স্থাপনা বা ভবনসমূহের দেয়ালে প্রদর্শিত সাইন;

৬) **কর্তৃপক্ষ** অর্থ ডিএমটিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক;

৭) **কনকোর্স এরিয়া** অর্থ মেট্রোরেল স্টেশনের জনসাধারণের ব্যবহারের জন্য আনপেইড এরিয়া এবং যাত্রীদের ব্যবহারের জন্য পেইড ও আনপেইড এরিয়া;

[১] [৭(ক) **কর্পোরেট/বিশেষায়িত প্রতিষ্ঠান** অর্থ সরকারি/বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান এবং প্রযুক্তি নির্ভর, মানসম্পন্ন ও সুপরিচিত এবং মহানগরী/বিভাগীয়/জেলা শহর/বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ এলাকায় নিজস্ব ব্র্যান্ডের পণ্য/খাদ্যসামগ্রী/সেবার জন্য উল্লেখযোগ্য সংখ্যক বিক্রয়/সরবরাহ কেন্দ্র রহিয়াছে এমন প্রতিষ্ঠান;]

৮) **চুক্তিপত্র** অর্থ কর্তৃপক্ষ এবং ভাড়া/ইজারা গ্রহীতার মধ্যে সম্পাদিত ভাড়া/ইজারা দলিল;

৯) **ডিএমটিসিএল সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ** অর্থ ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (সকল), ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের প্রকল্প পরিচালক, এমআরটি ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ এবং কোম্পানি সচিব।

১০) **ডিজিটাল ডিসপ্লে** অর্থ এলইডি/এলসিডি মনিটর ইত্যাদির মাধ্যমে এক বা একাধিক বিজ্ঞাপন চিত্র প্রদর্শন;

১১) **পার্কিং এরিয়া** অর্থ যানবাহন পার্ক করিবার জন্য নির্ধারিত স্থান;

১২) **পিয়ার (Pier)** অর্থ স্তম্ভ যাহার উপর মেট্রোরেলের ভায়াডাক্ট বা স্টেশন ভবন স্থাপিত;

১৩) **প্ল্যাকার্ড** অর্থ মোটা কাগজ বা কাপড় বা সমজাতীয় দ্রব্য দ্বারা তৈরি বিজ্ঞাপন, যাহা ফ্রেমের মাধ্যমে বা খুঁটির মাধ্যমে স্থাপন করা হয়;

[[১] ২৪ জানুয়ারি ২০২৪ তারিখের ১ম সংশোধনী মোতাবেক সংযোজিত]

১৪) **প্ল্যাটফরম** অর্থ মেট্রোরেল স্টেশনে ট্রেনে যাত্রী উঠা-নামার জন্য নির্ধারিত এলাকা;

১৫) **ফরম** অর্থ এই নীতিমালার আলোকে প্রণীত কোনো ফরম;

১৬) **ফ্লোর স্পেস** অর্থ মেট্রোরেল স্টেশন বা মেট্রোরেল স্থাপনা ও ভবনের ভিতরের জায়গা;

১৭) **বাণিজ্যিক স্পেস** অর্থ ডিএমটিসিএল এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের সীমানার মধ্যে ভূতল, সমতল ও উপরিভাগে অবস্থিত মেট্রোরেল স্টেশন এবং ইহার অবকাঠামোসমূহ যেমন- পিয়ার, ভায়াডাক্ট, প্যারাপেট ওয়াল, কনকোর্স, রিটেইল এরিয়া, প্ল্যাটফরম, স্কাইওয়াক, সিঁড়ি, চলন্ত সিঁড়ি, লিফট, মেট্রোরেল স্টেশনের প্রবেশ/বহিঃর্গমন এলাকার ডিএমটিসিএল কর্তৃক উন্নয়নকৃত স্থান ইত্যাদি। অধিকন্তু, মেট্রো ট্রেনের অভ্যন্তর এবং বাহিরও ইহার অন্তর্ভুক্ত হইবে। আরও উল্লেখ্য যে, কর্তৃপক্ষ প্রয়োজনে ডিএমটিসিএল ও ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের সীমানার মধ্যে অবস্থিত যে কোনো অবকাঠামোকে বাণিজ্যিক স্পেস হিসেবে ঘোষণা করিতে পারিবে;

১৮) **বিজ্ঞাপন** অর্থ বাণিজ্যিক উদ্দেশ্যে স্থাপিত আলোকিত বা অনালোকিত কোনো শব্দ, অক্ষর, ছবি, চিত্র, নোটিশ, ঘোষণা, মডেল, প্ল্যাকার্ড, ইউনিপোল, বিল বোর্ড, সাইন বোর্ড, ওভারহেড সাইন, লাইট বক্স, ডিজিটাল ডিসপ্লে, ইলেকট্রনিক বিজ্ঞাপন বা অনুরূপ উদ্দেশ্যে স্থাপিত কোনো প্রচারণা ইত্যাদি;

১৯) **বিলবোর্ড** অর্থ বিজ্ঞাপন প্রদর্শনের নিমিত্ত ব্যবহৃত মজবুত অবকাঠামো অথবা কোনো স্থায়ী স্থাপনার গায়ে আঁটানো নির্দিষ্ট পরিমাপের প্যানেল বা বোর্ড;

২০) **ভাড়া** অর্থ ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস প্রতিযোগিতামূলক ভাড়ায় জামানত ও অগ্রীম ইত্যাদি গ্রহণ করিয়া নির্ধারিত মেয়াদের জন্য ভাড়া প্রদান বুঝাবে;

২১) **ভাড়া/ইজারা কমিটি** অর্থ এই নীতিমালার আওতায় গঠিত কমিটি;

২২) **ভাড়া/ইজারা গ্রহীতা** অর্থ এই নীতিমালার আলোকে ডিএমটিসিএল এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের বাণিজ্যিক স্পেস ব্যবহারের জন্য ভাড়া/ইজারা গ্রহীতা হিসেবে চুক্তিবদ্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান;

২৩) **মেট্রোরেল স্টেশন** অর্থ মেট্রোরেলের যাত্রা বিরতি ও যাত্রী উঠানামার জন্য নির্ধারিত স্থান এবং এতদুদ্দেশ্যে ব্যবহৃত স্থাপনাসমূহ;

২৪) **রিটেইল এরিয়া** অর্থ কোনো মেট্রোরেল স্টেশনের বাণিজ্যিক কার্যক্রমের জন্য নির্ধারিত স্থান বা এলাকা;

২৫) **লাইট বক্স** অর্থ দেয়ালে অথবা ঝুলন্ত অবস্থায় স্থাপিত ও বৈদ্যুতিক আলো দ্বারা সজ্জিত বিভিন্ন আকারের বিজ্ঞাপন বক্স;

২৬) **লে-আউট প্ল্যান** অর্থ বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশা বা ডিজাইন;

২৭) **স্বল্প মেয়াদী ইজারা** অর্থ ডিএমটিসিএল-এর বাণিজ্যিক স্পেস অনুর্ধ্ব ০৩(তিন) মাসের জন্য ইজারা প্রদান; এবং

২৮) **সাপ্তাহিক ইজারা** অর্থ ডিএমটিসিএল-এর বাণিজ্যিক স্পেস অনুর্ধ্ব ১(এক) সপ্তাহের জন্য ইজারা প্রদান।

## ৩। ভাড়া/ইজারা প্রদানের ক্ষেত্রসমূহ

ডিএমটিসিএল এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের সীমানার মধ্যে ভূতল, সমতল ও উপরিভাগে নির্মিত নিম্নরূপ ক্ষেত্রে বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদান করা যাইবে-

১) রিটেইল শপ, স্টল, ডিপার্টমেন্টাল স্টোর, মিনি শপ, ফাস্টফুড শপ, কফি শপ, ফুড কোর্ট, মানি এক্সচেঞ্জ, এটিএম বুথ, [১][**সিআরএম (Cash Recycling Machine),**] ভেন্ডিং মেশিন, কিয়স্ক (Kiosk), Digi box, [২][**লকার,**] রিলাক্সেশন বুথ, কার বুকিং বুথ কিংবা অন্য যেই নামেই অভিহিত হউক না কেন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এইরূপ অন্যান্য স্থাপনা;

২) বিজ্ঞাপন;

[১ ২৪ জানুয়ারি ২০২৪ তারিখের ১ম সংশোধনী মোতাবেক সংযোজিত]

[২ ২৪ জানুয়ারি ২০২৪ তারিখের ১ম সংশোধনী মোতাবেক সংযোজিত]

৩) নাটক, সিনেমা, প্রামাণ্য চিত্র ইত্যাদির শ্যুটিং;

৪) কার পার্কিং;

৫) স্বল্প সময়ের কোনো ক্যাম্পিং বা প্রচারণা;

৬) প্রদর্শনী (Exhibition);

**৭)** অনুরূপ যে কোনো বাণিজ্যিক কার্যক্রম।

## ৪। ভাড়া/ইজারা কমিটি

বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটি।

## ৫। ভাড়া/ইজারা কমিটির কার্যপরিধি

১) অনুমোদিত লে-আউট প্ল্যান অনুসরণে বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারার নিমিত্ত ক্যাটাগরিভিত্তিক স্থান নির্ধারণ;

২) মেট্রোরেল স্টেশন বা মেট্রোরেল লাইন বা মেট্রোরেল স্থাপনা যেই এলাকায় অবস্থিত সেই এলাকার বাণিজ্যিক গুরুত্ব বিবেচনা করিয়া প্রতি বর্গফুট/বর্গমিটার বাণিজ্যিক স্পেসের ভিত্তিমূল্যের প্রাক্কলন;

৩) বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান;

৪) বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত আহ্বানকৃত দরপত্র মূল্যায়ন করিয়া সুপারিশ প্রদান;

৫) প্রযোজ্য ক্ষেত্রে ভাড়া/ইজারা গ্রহীতার ভাড়া/ইজারা নবায়ন ও বাতিলের সুপারিশ প্রদান;

৬) অবৈধ দখলদার কিংবা বাতিলকৃত ভাড়া/ইজারা গ্রহীতাকে উচ্ছেদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ; এবং

৭) কর্তৃপক্ষ নির্ধারিত প্রাসঙ্গিক অন্য যে কোনো কার্যক্রম।

## ৬। ভাড়া/ইজারা প্রদানের সাধারণ নিয়মাবলী

১) [১][**(ক)** অবাধ প্রতিযোগিতার নীতি অনুসরণপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ভাড়া/ইজারা প্রদান করিতে হইবে। তবে নীতিমালার ৩(১) এ বর্ণিত ক্ষেত্রসমূহে কর্পোরেট/বিশেষায়িত প্রতিষ্ঠান হইলে কর্তৃপক্ষ ও ভাড়া/ইজারা গ্রহীতার মধ্যে দ্বিপাক্ষিক আলোচনার ভিত্তিতে বাজার দরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হারে বাণিজ্যিক স্পেস নবায়নযোগ্য বাৎসরিক চুক্তির মাধ্যমে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে। এই ক্ষেত্রে আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই নিজস্ব লেটারহেড প্যাডে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা গ্রহণের আগ্রহ প্রকাশ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, আগ্রহী প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত লটসমূহের ন্যূনতম এক-চতুর্থাংশ লটের স্পেস ভাড়া/ইজারা গ্রহণ করতে হইবে;

**(খ)** নাটক, সিনেমা, প্রামাণ্যচিত্র ইত্যাদির শুটিং বা স্বল্প সময়ের কোন ক্যাম্পিং বা প্রচারণার উদ্দেশ্যে নির্দিষ্ট সময়ের জন্য ভাড়ার ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হারে ভাড়া প্রদান করা যাইবে;]

২) স্থান বা প্যাকেজ বা লট ভিত্তিক দরপত্র আহ্বান করা যাইবে;

৩) ভাড়া/ইজারা গ্রহণের দ্বিতীয় বছর হইতে প্রতি বছর ভাড়া/ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ভাড়া/ইজারা মূল্যের উপর ন্যূনতম ৫% অথবা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বৃদ্ধি পাইবে;

৪) প্রাথমিকভাবে ভাড়া/ইজারার মেয়াদ সর্বোচ্চ ০৫(পাঁচ) বৎসর হইবে। তবে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারিত হারে ভাড়া প্রদানে ভাড়া/ইজারা গ্রহীতার সম্মতি সাপেক্ষে ও ক্ষেত্র বিশেষে নতুন শর্তসাপেক্ষে এক বা একাধিক মেয়াদের জন্য চুক্তি নবায়ন করা যাইবে;

৫) এক বা একাধিক স্টেশনের বাণিজ্যিক স্পেস নিম্নোক্ত ক্যাটাগরির ভিত্তিতে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে:

| ক্রম | বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা এর ক্যাটাগরিসমূহ |
|---|---|
| ০১ | স্টেশনের এন্ট্রি, এক্সিট, স্কাই ওয়াক, স্টেশন পিয়ার, কনকোর্স এরিয়া, প্ল্যাটফর্ম এরিয়া, প্ল্যাটফর্ম স্ক্রিন ডোর ইত্যাদি |
| ০২ | প্যারাপেট ওয়াল ও লং স্প্যান (Parapet Wall & Long Span) |
| ০৩ | স্টেশনের মধ্যবর্তী পিয়ারসমূহ |
| ০৪ | ট্রেনের অভ্যন্তর ও বাহির অংশ |
| ০৫ | কর্তৃপক্ষ ঘোষিত/অনুমোদিত অন্য কোনো স্পেস |

[[১] ২৪ জানুয়ারি ২০২৪ তারিখের ১ম সংশোধনী মোতাবেক প্রতিস্থাপিত]

| ক্রম | স্পেস ভাড়া/ইজারা এর ক্যাটাগরিসমূহ |
|---|---|
| ০১ | গ্রাউন্ড ফ্লোর এরিয়া |
| ০২ | রিটেইল এরিয়া যেমন- কাওরান বাজার, ফার্মগেট ইত্যাদি |
| ০৩ | কনকোর্স লেভেল এরিয়া |
| ০৪ | কিয়স্ক (Kiosk) |

**বিজ্ঞাপন স্পেস এবং স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত ক্যাটাগরিসমূহের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-০১, ০২, ০৩ ও ০৪ এ উল্লেখ করা হইয়াছে।**

৬) পিয়ারসমূহ (Pier) গুচ্ছভিত্তিক ভাড়া/ইজারা প্রদান করা যাইবে;

৭) মেট্রো ট্রেনের অভ্যন্তরের স্পেস বিজ্ঞাপনের জন্য মেট্রো ট্রেন ভিত্তিক অথবা গুচ্ছ ভিত্তিক ভাড়া/ইজারা প্রদান করা যাইবে;

৮) প্যারাপেট ওয়াল (Parapet wall) দৈর্ঘ্য-প্রস্থের ভিত্তিতে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে;

৯) ফার্মগেট, কারওয়ান বাজার বা অনুরূপ স্টেশনের রিটেইল ফ্লোর স্পেস সারি ভিত্তিক বা একত্রে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে। এই ক্ষেত্রে রিটেইল এরিয়ার লে-আউট প্ল্যান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

১০) কনফারেন্স রুম, সেমিনার রুম, ক্লাস রুম, কম্পিউটার ল্যাব বা অনুরূপ স্থাপনা ঘন্টা বা দৈনিক ভিত্তিতে ভাড়া প্রদান করা যাইবে;

১১) মেট্রোরেল স্টেশনসমূহের টয়েলেটের পরিচ্ছন্নতা কার্যক্রম ভাড়া/ইজারায় অথবা আউটসোর্সিং প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে করা যাইবে;

১২) নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া/ইজারা মূল্য, প্রযোজ্য ক্ষেত্রে সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর এবং অন্য যে কোনো চার্জ বাবদ সমুদয় অর্থ এককালীন পরিশোধপূর্বক ভাড়া/ইজারা গ্রহীতাকে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় অর্থ এককালীন পরিশোধপূর্বক চুক্তি সম্পাদনে ব্যর্থ হইলে তাঁহার জমাকৃত আর্নেস্ট মানি বা জামানত বাজেয়াপ্ত হইবে;

১৩) মেট্রোরেল স্টেশন ও স্থাপনাসমূহ Key Point Installation (KPI) বিধায় কর্তৃপক্ষ ইহার নিরাপত্তার স্বার্থে কিংবা রাষ্ট্রীয় প্রয়োজনে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় ভাড়া/ইজারা গ্রহীতার চলমান কার্যক্রম তাৎক্ষণিকভাবে বা ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে;

১৪) মেট্রোরেল স্টেশন বা মেট্রোরেল সিস্টেমের পরিচালনা, রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা, নিরাপত্তা, উন্নয়ন বা অনুরূপ ইত্যাদি কার্যক্রমের প্রয়োজনে কর্তৃপক্ষ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের নোটিশে যে কোনো ভাড়া/ইজারা বাতিল করিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে ভাড়া/ইজারা গ্রহীতাকে অবশিষ্ট সময়ের জন্য আনুপাতিক হারে ভাড়া/ইজারা মূল্য ফেরত প্রদান করা যাইবে;

১৫) ভাড়া/ইজারা চুক্তি বাতিল করা হইলে ভাড়া/ইজারা গ্রহীতা নিজ খরচে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্থাপিত স্থাপনা ও আনুষঙ্গিক কার্যক্রম অপসারণ করিবেন;

১৬) নির্ধারিত সময়ের মধ্যে স্থাপনা ও আনুষঙ্গিক কার্যক্রম অপসারণে ব্যর্থ হইলে তাহা পরিত্যক্ত হিসেবে গণ্য হইবে এবং এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

১৭) ভাড়া/ইজারা গ্রহীতা কর্তৃক নিয়োজিত কর্মচারীদের সাম্প্রতিক তোলা ২(দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৭.৫ সেন্টিমিটার x প্রস্থ ৬.০ সেন্টিমিটার), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, স্থায়ী ও বর্তমান ঠিকানা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত ভাড়া/ইজারা গ্রহীতাকে সংরক্ষণ করিতে হইবে এবং এক সেট কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে। পুলিশ ভেরিফিকেশন সম্পাদন ও সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে কর্তৃপক্ষ পরিচয় পত্র প্রদান করিবে;

১৮) ইলেকট্রিক্যাল লোড নিরাপদ সীমার মধ্যে রাখিবার উদ্দেশ্যে ভাড়া/ইজারা গ্রহীতাকে ভাড়া/ইজারাস্থলে যে কোনো বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপনের পূর্বে প্রয়োজনীয় তথ্যাদি লিখিতভাবে দাখিল পূর্বক কর্তৃপক্ষের নিকট হইতে লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে। বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপনের ফলে কোনোরূপ দূর্ঘটনা ঘটিলে বা ডিএমটিসিএল-এর বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হইলে বা বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটিলে ভাড়া/ইজারা গ্রহীতা ১(এক) মাসের মধ্যে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন। যথাযথ তৃতীয় পক্ষ নিয়োগের মাধ্যমে ক্ষতিপূরণ নিরূপণ করা হইবে। নিরূপিত ক্ষতিপূরণ নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া/ইজারা গ্রহীতা পরিশোধে ব্যর্থ হইলে ভাড়া/ইজারা গ্রহীতার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

১৯) নিরাপত্তার স্বার্থে ভাড়া/ইজারা গ্রহীতাকে ভাড়া/ইজারাস্থলে প্রয়োজনীয় সংখ্যক কার্যকর অগ্নি নির্বাপক যন্ত্র নিজ খরচে সংযোজন করিতে হইবে। প্রয়োজনীয় সংখ্যক কার্যকর অগ্নি নির্বাপক যন্ত্র না থাকার কারণে কোনোরূপ দুর্ঘটনা ঘটিলে ভাড়া/ইজারা গ্রহীতা ১(এক) মাসের মধ্যে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন;

২০) বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি ব্যবহারের বিপরীতে ভাড়া/ইজারা গ্রহীতা মাসিক ভিত্তিতে বিল ও আনুসাঙ্গিক পাওনা নিয়মিত পরিশোধ করিয়া উহার সত্যায়িত কপি ডিএমটিসিএল-এর সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করিবেন। অনুমোদিত লোড অনুযায়ী ০৩ (তিন) মাসের সমপরিমাণ প্রাক্কলিত অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে ডিএমটিসিএল-এর সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করিতে হইবে;

২১) ভাড়া/ইজারা গ্রহীতা চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যাংক হিসাবে অগ্রিম ভাড়া জমা প্রদান করিবেন;

২২) মেট্রোরেল স্টেশনের রিটেইল লেভেল অথবা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত কোনো এলাকা ভাড়া/ইজারা গ্রহীতা কর্তৃক তৃতীয় পক্ষকে ভাড়া/সাব-লেট প্রদান করিতে হইলে কর্তৃপক্ষের লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে। তবে এই ক্ষেত্রে চুক্তির শর্তাবলি ও দায়-দায়িত্ব পরিপালনের বিষয়টি মূল ভাড়া/ইজারা গ্রহীতার উপর বর্তাইবে;

২৩) যেই ব্যবসার জন্য বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদান করা হইবে, সেই ব্যবসা ব্যতিরেকে অন্য কোনো ব্যবসার জন্য বা আবাসিক উদ্দেশ্যে বা কোনো বেআইনী বা অনৈতিক কাজে উহা ব্যবহার করা যাইবে না;

২৪) রিটেইল লেভেলের ভাড়া/ইজারা গ্রহীতা তাঁহার ব্যবসা সংশ্লিষ্ট বিজ্ঞাপন বা দোকানের সাইনবোর্ড ব্যতিত অন্য কোনো বিজ্ঞাপন বা সাইনবোর্ড ভাড়া/ইজারার স্থানে প্রদর্শন করিতে পারিবেন না;

২৫) ভাড়া/ইজারা গ্রহীতা তাঁহার অনুকূলে বরাদ্দকৃত স্থানের বাহিরে অতিরিক্ত কোনো স্থান ব্যবহার করিতে পারিবেন না;

২৬) ভাড়া/ইজারা গ্রহীতাকে তাঁহার অনুকূলে বরাদ্দকৃত স্থান ও সংলগ্ন এলাকা সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখিতে হইবে;

২৭) চুক্তিপত্রের কোনো শর্ত ভঙ্গ করিলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ ভাড়া/ইজারা চুক্তি বাতিল করিতে পারিবে;

২৮) ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ শেষে বা বাতিলের পর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট স্পেস/এলাকা এই নীতিমালা অনুযায়ী অন্যত্র ভাড়া/ইজারা প্রদান করিতে পারিবে;

২৯) জাতীয় সম্প্রচার নীতিমালা, পরিবেশ নীতিমালা ও প্রযোজ্য অন্যান্য সরকারি নীতিমালা অনুসরণে বিজ্ঞাপন প্রচার করিতে হইবে। অশালীন বা দৃষ্টিকটু, সরকারি নীতির পরিপন্থী বা ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোনো বিজ্ঞাপন প্রদর্শন করা যাইবে না;

৩০) বিজ্ঞাপনে ব্যবহৃত ভাষা, ছবি, স্কেচ ইত্যাদির দায়-দায়িত্ব ভাড়া/ইজারা গ্রহীতার উপর বর্তাইবে;

৩১) কর্তৃপক্ষ ভাড়া/ইজারা প্রদত্ত স্থান ও স্থাপনা যে কোনো সময় যে কোনো প্রয়োজনে পরিদর্শন করিতে পারিবেন। পরিদর্শনকালে কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

৩২) পরিদর্শনে প্রাপ্ত অনিয়মের ভিত্তিতে ভাড়া/ইজারা বাতিল করা হইলে ভাড়া/ইজারা গ্রহীতা ৭(সাত) কর্মদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন;

৩৩) উভয় পক্ষই ০৩ (তিন) মাস পূর্বে লিখিত নোটিশ প্রদান করিয়া ভাড়া/ইজারা বাতিল করিতে পারিবে। এই ক্ষেত্রে তৃতীয় পক্ষকে প্রদত্ত ভাড়া/সাব-লেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে;

৩৪) প্রযোজ্যক্ষেত্রে ভাড়া/ইজারা মূল্যের উপর সার্ভিস চার্জ আরোপ করা যাইবে;

৩৫) ইজারামূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত ও সময়ে সময়ে পুনঃনির্ধারিত ভ্যাট, আয়কর, বিদ্যুৎ ও পানির বিল, সিটি কর্পোরেশন ট্যাক্স বা অনুরূপ অন্য যে কোনো ট্যাক্স বা বিল প্রদানে ভাড়া/ইজারা গ্রহীতা বাধ্য থাকিবেন।

৩৬) ভাড়া/ইজারা গ্রহীতার নিকট ভাড়া/ইজারা মূল্য, ভ্যাট, আয়কর বা অন্য কোনো পাওনা বকেয়া থাকিলে উহা কর্তৃপক্ষের নিকট জমাকৃত জামানত হইতে সমন্বয় করা যাইবে। এই ক্ষেত্রে এই নীতিমালা বা প্রচলিত আইন অনুযায়ী ভাড়া/ইজারা গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে;

৩৭) ডিএমটিসিএল-এর সংশ্লিষ্ট শাখা কর্তৃক বাণিজ্যিক স্পেসের তথ্য, ভাড়া/ইজারার তথ্য এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্য ডিজিটাল ও ম্যানুয়াল উভয় পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে;

৩৮) ভাড়া/ইজারা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে টিম ডিএমটিসিএল এর সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপের অনুমোদন সাপেক্ষে এই নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করা যাইবে;

৩৯) এই নীতিমালার কোনো বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

৪০) এই নীতিমালা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

সংযুক্তি: পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ

১১.০৬.২০২৪

**(মোহাম্মদ আবদুর রঊফ)**
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

# পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নং- ৩৫.০৫.০০০০.০০০.২২.০০১.২২-২২১(১)

তারিখঃ ১৭ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি একটি খসড়া নীতিমালা প্রণয়ন করে। কমিটি কর্তৃক প্রণীত খসড়া নীতিমালার উপর সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ পর্যায়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নীতিমালাটি চূড়ান্ত করা হয় এবং গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ডিএমটিসিএল এর সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ কর্তৃক **"ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩"** শিরোনামে নীতিমালাটি অনুমোদন করা হয়।

অনুমোদিত নীতিমালাটি জারীর তারিখ হতে কার্যকর হবে।

সংযুক্তি: ডিএমটিসিএল-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা-২০২৩

৩১-০১-২০২৩

(মোহাম্মদ আবদুর রউফ)
(যুগ্মসচিব)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: ০২-৫৫২৩৮৪৮৯

অনুলিপি:

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (সকল), এমআরটি লাইনস্
৩। পরিচালক (সকল), ডিএমটিসিএল
৪। জেনারেল ম্যানেজার (সকল), ডিএমটিসিএল
৫। সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল (অফিস আদেশটি ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অবগতির জন্য।
৭। অফিস কপি।
৮। মাস্টার কপি।

# ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩

## ১। সংক্ষিপ্ত শিরোনাম, উদ্দেশ্য ও পরিধি

### ক. শিরোনাম

এই নীতিমালা **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩** হিসেবে অভিহিত হইবে।

### খ. উদ্দেশ্য

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতাধীন বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের মাধ্যমে যাত্রী আয় বহির্ভূত রাজস্ব (Non-fare Revenue) আহরণ।

### গ. পরিধি

এই নীতিমালা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের অধিক্ষেত্রের মধ্যে বাণিজ্যিক স্পেস হিসেবে চিহ্নিত স্থানসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## ২। সংজ্ঞা

১) **অঙ্গীকারনামা** অর্থ কর্তৃপক্ষের প্রদত্ত শর্তে ভাড়া/ইজারা গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত প্রতিশ্রুতি;

২) **ইউনিপোল (Unipole)** অর্থ বিজ্ঞাপন প্রদর্শনের নিমিত্ত একটি খুঁটি বা পোল দ্বারা স্থাপিত বিলবোর্ড;

৩) **ইজারা** অর্থ ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস প্রতিযোগিতামূলক ভাড়ায় জামানত ও অগ্রীম ইত্যাদি গ্রহণ করে নির্ধারিত মেয়াদের জন্য ইজারা প্রদান বুঝাবে;

৪) **ইলেকট্রনিক বিজ্ঞাপন** অর্থ বিদ্যুত চালিত মনিটর বা বড় পর্দার মাধ্যমে যে কোনো তথ্য বা বিজ্ঞাপন উপস্থাপন বা পরিবেশন;

৫) **ওয়াল সাইন** অর্থ মেট্রোরেল স্থাপনা বা ভবনসমূহের দেয়ালে প্রদর্শিত সাইন;

৬) **কর্তৃপক্ষ** অর্থ ডিএমটিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক;

৭) **কনকোর্স এরিয়া** অর্থ মেট্রোরেল স্টেশনের জনসাধারণের ব্যবহারের জন্য আনপেইড এরিয়া এবং যাত্রীদের ব্যবহারের জন্য পেইড ও আনপেইড এরিয়া;

৮) **চুক্তিপত্র** অর্থ কর্তৃপক্ষ এবং ভাড়া/ইজারা গ্রহীতার মধ্যে সম্পাদিত ভাড়া/ইজারা দলিল;

৯) **ডিএমটিসিএল সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ** অর্থ ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (সকল), ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের প্রকল্প পরিচালক, এমআরটি ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ এবং কোম্পানি সচিব।

১০) **ডিজিটাল ডিসপ্লে** অর্থ এলইডি/এলসিডি মনিটর ইত্যাদির মাধ্যমে এক বা একাধিক বিজ্ঞাপন চিত্র প্রদর্শন;

১১) **পার্কিং এরিয়া** অর্থ যানবাহন পার্ক করিবার জন্য নির্ধারিত স্থান;

১২) **পিয়ার (Pier)** অর্থ স্তম্ভ যাহার উপর মেট্রোরেলের ভায়াডাক্ট বা স্টেশন ভবন স্থাপিত;

১৩) **প্ল্যাকার্ড** অর্থ মোটা কাগজ বা কাপড় বা সমজাতীয় দ্রব্য দ্বারা তৈরি বিজ্ঞাপন, যাহা ফ্রেমের মাধ্যমে বা খুঁটির মাধ্যমে স্থাপন করা হয়;

১৪) **প্ল্যাটফরম** অর্থ মেট্রোরেল স্টেশনে ট্রেনে যাত্রী উঠা-নামার জন্য নির্ধারিত এলাকা;

১৫) **ফরম** অর্থ এই নীতিমালার আলোকে প্রণীত কোনো ফরম;

১৬) **ফ্লোর স্পেস** অর্থ মেট্রোরেল স্টেশন বা মেট্রোরেল স্থাপনা ও ভবনের ভিতরের জায়গা;

১৭) **বাণিজ্যিক স্পেস** অর্থ ডিএমটিসিএল এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের সীমানার মধ্যে ভূতল, সমতল ও উপরিভাগে অবস্থিত মেট্রোরেল স্টেশন এবং ইহার অবকাঠামোসমূহ যেমন- পিয়ার, ভায়াডাক্ট, প্যারাপেট ওয়াল, কনকোর্স, রিটেইল এরিয়া, প্ল্যাটফরম, স্কাইওয়াক, সিঁড়ি, চলন্ত সিঁড়ি, লিফট, মেট্রোরেল স্টেশনের প্রবেশ/বহিঃর্গমন এলাকার ডিএমটিসিএল কর্তৃক উন্নয়নকৃত স্থান ইত্যাদি। অধিকন্তু, মেট্রো ট্রেনের অভ্যন্তর এবং বাহিরও ইহার অন্তর্ভুক্ত হইবে। আরও উল্লেখ্য যে, কর্তৃপক্ষ প্রয়োজনে ডিএমটিসিএল ও ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের সীমানার মধ্যে অবস্থিত যে কোনো অবকাঠামোকে বাণিজ্যিক স্পেস হিসেবে ঘোষণা করিতে পারিবে;

১৮) **বিজ্ঞাপন** অর্থ বাণিজ্যিক উদ্দেশ্যে স্থাপিত আলোকিত বা অনালোকিত কোনো শব্দ, অক্ষর, ছবি, চিত্র, নোটিশ, ঘোষণা, মডেল, প্ল্যাকার্ড, ইউনিপোল, বিল বোর্ড, সাইন বোর্ড, ওভারহেড সাইন, লাইট বক্স, ডিজিটাল ডিসপ্লে, ইলেকট্রনিক বিজ্ঞাপন বা অনুরূপ উদ্দেশ্যে স্থাপিত কোনো প্রচারণা ইত্যাদি;

১৯) **বিলবোর্ড** অর্থ বিজ্ঞাপন প্রদর্শনের নিমিত্ত ব্যবহৃত মজবুত অবকাঠামো অথবা কোনো স্থায়ী স্থাপনার গায়ে আঁটানো নির্দিষ্ট পরিমাপের প্যানেল বা বোর্ড;

২০) **ভাড়া** অর্থ ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস প্রতিযোগিতামূলক ভাড়ায় জামানত ও অগ্রীম ইত্যাদি গ্রহণ করিয়া নির্ধারিত মেয়াদের জন্য ভাড়া প্রদান বুঝাবে;

২১) **ভাড়া/ইজারা কমিটি** অর্থ এই নীতিমালার আওতায় গঠিত কমিটি;

২২) **ভাড়া/ইজারা গ্রহীতা** অর্থ এই নীতিমালার আলোকে ডিএমটিসিএল এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের বাণিজ্যিক স্পেস ব্যবহারের জন্য ভাড়া/ইজারা গ্রহীতা হিসেবে চুক্তিবদ্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান;

২৩) **মেট্রোরেল স্টেশন** অর্থ মেট্রোরেলের যাত্রা বিরতি ও যাত্রী উঠানামার জন্য নির্ধারিত স্থান এবং এতদুদ্দেশ্যে ব্যবহৃত স্থাপনাসমূহ;

২৪) **রিটেইল এরিয়া** অর্থ কোনো মেট্রোরেল স্টেশনের বাণিজ্যিক কার্যক্রমের জন্য নির্ধারিত স্থান বা এলাকা;

২৫) **লাইট বক্স** অর্থ দেয়ালে অথবা ঝুলন্ত অবস্থায় স্থাপিত ও বৈদ্যুতিক আলো দ্বারা সজ্জিত বিভিন্ন আকারের বিজ্ঞাপন বক্স;

২৬) **লে-আউট প্ল্যান** অর্থ বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশা বা ডিজাইন;

২৭) **স্বল্প মেয়াদী ইজারা** অর্থ ডিএমটিসিএল-এর বাণিজ্যিক স্পেস অনুর্ধ্ব ০৩(তিন) মাসের জন্য ইজারা প্রদান; এবং

২৮) **সাপ্তাহিক ইজারা** অর্থ ডিএমটিসিএল-এর বাণিজ্যিক স্পেস অনুর্ধ্ব ১(এক) সপ্তাহের জন্য ইজারা প্রদান।

## ৩। ভাড়া/ইজারা প্রদানের ক্ষেত্রসমূহ

ডিএমটিসিএল এবং ইহার আওতাধীন মেট্রোরেল লাইনসমূহের সীমানার মধ্যে ভূতল, সমতল ও উপরিভাগে নির্মিত নিম্নরূপ ক্ষেত্রে বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদান করা যাইবে-

১) রিটেইল শপ, স্টল, ডিপার্টমেন্টাল স্টোর, মিনি শপ, ফাস্টফুড শপ, কফি শপ, ফুড কোর্ট, মানি এক্সচেঞ্জ, এটিএম বুথ, ভেন্ডিং মেশিন, কিয়স্ক (Kiosk), Digi box, রিলাক্সেশন বুথ, কার বুকিং বুথ কিংবা অন্য যেই নামেই অভিহিত হউক না কেন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এইরূপ অন্যান্য স্থাপনা;

২) বিজ্ঞাপন;

৩) নাটক, সিনেমা, প্রামাণ্য চিত্র ইত্যাদির শ্যুটিং;

৪) কার পার্কিং;

৫) স্বল্প সময়ের কোনো ক্যাম্পিং বা প্রচারণা;

৬) প্রদর্শনী (Exhibition);

৭) অনুরূপ যে কোনো বাণিজ্যিক কার্যক্রম।

৪। **ভাড়া/ইজারা কমিটি**

বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটি।

৫। **ভাড়া/ইজারা কমিটির কার্যপরিধি**

১) অনুমোদিত লে-আউট প্ল্যান অনুসরণে বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারার নিমিত্ত ক্যাটাগরিভিত্তিক স্থান নির্ধারণ;

২) মেট্রোরেল স্টেশন বা মেট্রোরেল লাইন বা মেট্রোরেল স্থাপনা যেই এলাকায় অবস্থিত সেই এলাকার বাণিজ্যিক গুরুত্ব বিবেচনা করিয়া প্রতি বর্গফুট/বর্গমিটার বাণিজ্যিক স্পেসের ভিত্তিমূল্যের প্রাক্কলন;

৩) বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান;

৪) বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত আহ্বানকৃত দরপত্র মূল্যায়ন করিয়া সুপারিশ প্রদান;

৫) প্রযোজ্য ক্ষেত্রে ভাড়া/ইজারা গ্রহীতার ভাড়া/ইজারা নবায়ন ও বাতিলের সুপারিশ প্রদান;

৬) অবৈধ দখলদার কিংবা বাতিলকৃত ভাড়া/ইজারা গ্রহীতাকে উচ্ছেদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ; এবং

৭) কর্তৃপক্ষ নির্ধারিত প্রাসঙ্গিক অন্য যে কোনো কার্যক্রম।

৬। **ভাড়া/ইজারা প্রদানের সাধারণ নিয়মাবলী**

১) অবাধ প্রতিযোগিতার নীতি অনুসরণপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ভাড়া/ইজারা প্রদান; তবে সাপ্তাহিক ভাড়া/ইজারার ক্ষেত্রে শুধুমাত্র নাটক, সিনেমা, প্রামাণ্য চিত্র ইত্যাদির শ্যুটিং বা স্বল্প সময়ের কোনো ক্যাম্পিং বা প্রচারণার ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পদ্ধতি অনুসরণ করা যাইবে;

২) স্থান বা প্যাকেজ বা লট ভিত্তিক দরপত্র আহ্বান করা যাইবে;

৩) ভাড়া/ইজারা গ্রহণের দ্বিতীয় বছর হইতে প্রতি বছর ভাড়া/ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ভাড়া/ইজারা মূল্যের উপর ন্যূনতম ৫% অথবা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বৃদ্ধি পাইবে;

৪) প্রাথমিকভাবে ভাড়া/ইজারার মেয়াদ সর্বোচ্চ ০৫(পাঁচ) বৎসর হইবে। তবে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারিত হারে ভাড়া প্রদানে ভাড়া/ইজারা গ্রহীতার সম্মতি সাপেক্ষে ও ক্ষেত্র বিশেষে নতুন শর্তসাপেক্ষে এক বা একাধিক মেয়াদের জন্য চুক্তি নবায়ন করা যাইবে;

৫) এক বা একাধিক স্টেশনের বাণিজ্যিক স্পেস নিম্নোক্ত ক্যাটাগরির ভিত্তিতে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে:

| ক্রম | বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা এর ক্যাটাগরিসমূহ |
|---|---|
| ০১ | স্টেশনের এন্ট্রি, এক্সিট, স্কাই ওয়াক, স্টেশন পিয়ার, কনকোর্স এরিয়া, প্ল্যাটফর্ম এরিয়া, প্ল্যাটফর্ম স্ক্রিন ডোর ইত্যাদি |
| ০২ | প্যারাপেট ওয়াল ও লং স্প্যান (Parapet Wall & Long Span) |
| ০৩ | স্টেশনের মধ্যবর্তী পিয়ারসমূহ |
| ০৪ | ট্রেনের অভ্যন্তর ও বাহির অংশ |
| ০৫ | কর্তৃপক্ষ ঘোষিত/অনুমোদিত অন্য কোনো স্পেস |

| ক্রম | স্পেস ভাড়া/ইজারা এর ক্যাটাগরিসমূহ |
|---|---|
| ০১ | গ্রাউন্ড ফ্লোর এরিয়া |
| ০২ | রিটেইল এরিয়া যেমন- কাওরান বাজার, ফার্মগেট ইত্যাদি |
| ০৩ | কনকোর্স লেভেল এরিয়া |
| ০৪ | কিয়স্ক (Kiosk) |

**বিজ্ঞাপন স্পেস এবং স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত ক্যাটাগরিসমূহের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-০১, ০২, ০৩ ও ০৪ এ উল্লেখ করা হইয়াছে।**

৬) পিয়ারসমূহ (Pier) গুচ্ছভিত্তিক ভাড়া/ইজারা প্রদান করা যাইবে;

৭) মেট্রো ট্রেনের অভ্যন্তরের স্পেস বিজ্ঞাপনের জন্য মেট্রো ট্রেন ভিত্তিক অথবা গুচ্ছ ভিত্তিক ভাড়া/ইজারা প্রদান করা যাইবে;

৮) প্যারাপেট ওয়াল (Parapet wall) দৈর্ঘ্য-প্রস্থের ভিত্তিতে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে;

৯) ফার্মগেট, কারওয়ান বাজার বা অনুরূপ স্টেশনের রিটেইল ফ্লোর স্পেস সারি ভিত্তিক বা একত্রে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে। এই ক্ষেত্রে রিটেইল এরিয়ার লে-আউট প্ল্যান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

১০) কনফারেন্স রুম, সেমিনার রুম, ক্লাস রুম, কম্পিউটার ল্যাব বা অনুরূপ স্থাপনা ঘন্টা বা দৈনিক ভিত্তিতে ভাড়া প্রদান করা যাইবে;

১১) মেট্রোরেল স্টেশনসমূহের টয়েলেটের পরিচ্ছন্নতা কার্যক্রম ভাড়া/ইজারায় অথবা আউটসোর্সিং প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে করা যাইবে;

১২) নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া/ইজারা মূল্য, প্রযোজ্য ক্ষেত্রে সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর এবং অন্য যে কোনো চার্জ বাবদ সমূদয় অর্থ এককালীন পরিশোধপূর্বক ভাড়া/ইজারা গ্রহীতাকে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে সমূদয় অর্থ এককালীন পরিশোধপূর্বক চুক্তি সম্পাদনে ব্যর্থ হইলে তাঁহার জমাকৃত আর্নেস্ট মানি বা জামানত বাজেয়াপ্ত হইবে;

১৩) মেট্রোরেল স্টেশন ও স্থাপনাসমূহ Key Point Installation (KPI) বিধায় কর্তৃপক্ষ ইহার নিরাপত্তার স্বার্থে কিংবা রাষ্ট্রীয় প্রয়োজনে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় ভাড়া/ইজারা গ্রহীতার চলমান কার্যক্রম তাৎক্ষণিকভাবে বা ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে;

১৪) মেট্রোরেল স্টেশন বা মেট্রোরেল সিস্টেমের পরিচালনা, রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা, নিরাপত্তা, উন্নয়ন বা অনুরূপ ইত্যাদি কার্যক্রমের প্রয়োজনে কর্তৃপক্ষ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের নোটিশে যে কোনো ভাড়া/ইজারা বাতিল করিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে ভাড়া/ইজারা গ্রহীতাকে অবশিষ্ট সময়ের জন্য আনুপাতিক হারে ভাড়া/ইজারা মূল্য ফেরত প্রদান করা যাইবে;

১৫) ভাড়া/ইজারা চুক্তি বাতিল করা হইলে ভাড়া/ইজারা গ্রহীতা নিজ খরচে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্থাপিত স্থাপনা ও আনুসাঙ্গিক কার্যক্রম অপসারণ করিবেন;

১৬) নির্ধারিত সময়ের মধ্যে স্থাপনা ও আনুসাঙ্গিক কার্যক্রম অপসারণে ব্যর্থ হইলে তাহা পরিত্যক্ত হিসেবে গণ্য হইবে এবং এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

১৭) ভাড়া/ইজারা গ্রহীতা কর্তৃক নিয়োজিত কর্মচারীদের সাম্প্রতিক তোলা ২(দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৭.৫ সেন্টিমিটার x প্রস্থ ৬.০ সেন্টিমিটার), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, স্থায়ী ও বর্তমান ঠিকানা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত ভাড়া/ইজারা গ্রহীতাকে সংরক্ষণ করিতে হইবে এবং এক সেট কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে। পুলিশ ভেরিফিকেশন সম্পাদন ও সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে কর্তৃপক্ষ পরিচয় পত্র প্রদান করিবে;

১৮) ইলেকট্রিক্যাল লোড নিরাপদ সীমার মধ্যে রাখিবার উদ্দেশ্যে ভাড়া/ইজারা গ্রহীতাকে ভাড়া/ইজারাস্থলে যে কোনো বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপনের পূর্বে প্রয়োজনীয় তথ্যাদি লিখিতভাবে দাখিল পূর্বক কর্তৃপক্ষের নিকট হইতে লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে। বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপনের ফলে কোনোরূপ দূর্ঘটনা ঘটিলে বা ডিএমটিসিএল-এর বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হইলে বা বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটিলে ভাড়া/ইজারা গ্রহীতা ১(এক) মাসের মধ্যে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন। যথাযথ তৃতীয় পক্ষ নিয়োগের মাধ্যমে ক্ষতিপূরণ নিরূপণ করা হইবে। নিরূপিত ক্ষতিপূরণ নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া/ইজারা গ্রহীতা পরিশোধে ব্যর্থ হইলে ভাড়া/ইজারা গ্রহীতার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

১৯) নিরাপত্তার স্বার্থে ভাড়া/ইজারা গ্রহীতাকে ভাড়া/ইজারাস্থলে প্রয়োজনীয় সংখ্যক কার্যকর অগ্নি নির্বাপক যন্ত্র নিজ খরচে সংযোজন করিতে হইবে। প্রয়োজনীয় সংখ্যক কার্যকর অগ্নি নির্বাপক যন্ত্র না থাকার কারণে কোনোরূপ দুর্ঘটনা ঘটিলে ভাড়া/ইজারা গ্রহীতা ১(এক) মাসের মধ্যে ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন;

২০) বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি ব্যবহারের বিপরীতে ভাড়া/ইজারা গ্রহীতা মাসিক ভিত্তিতে বিল ও আনুসাঙ্গিক পাওনা নিয়মিত পরিশোধ করিয়া উহার সত্যায়িত কপি ডিএমটিসিএল-এর সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করিবেন। অনুমোদিত লোড অনুযায়ী ০৩ (তিন) মাসের সমপরিমাণ প্রাক্কলিত অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে ডিএমটিসিএল-এর সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করিতে হইবে;

২১) ভাড়া/ইজারা গ্রহীতা চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যাংক হিসাবে অগ্রিম ভাড়া জমা প্রদান করিবেন;

২২) মেট্রোরেল স্টেশনের রিটেইল লেভেল অথবা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত কোনো এলাকা ভাড়া/ইজারা গ্রহীতা কর্তৃক তৃতীয় পক্ষকে ভাড়া/সাব-লেট প্রদান করিতে হইলে কর্তৃপক্ষের লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে। তবে এই ক্ষেত্রে চুক্তির শর্তাবলি ও দায়-দায়িত্ব পরিপালনের বিষয়টি মূল ভাড়া/ইজারা গ্রহীতার উপর বর্তাইবে;

২৩) যেই ব্যবসার জন্য বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদান করা হইবে, সেই ব্যবসা ব্যতিরেকে অন্য কোনো ব্যবসার জন্য বা আবাসিক উদ্দেশ্যে বা কোনো বেআইনী বা অনৈতিক কাজে উহা ব্যবহার করা যাইবে না;

২৪) রিটেইল লেভেলের ভাড়া/ইজারা গ্রহীতা তাঁহার ব্যবসা সংশ্লিষ্ট বিজ্ঞাপন বা দোকানের সাইনবোর্ড ব্যতিত অন্য কোনো বিজ্ঞাপন বা সাইনবোর্ড ভাড়া/ইজারার স্থানে প্রদর্শন করিতে পারিবেন না;

২৫) ভাড়া/ইজারা গ্রহীতা তাঁহার অনুকূলে বরাদ্দকৃত স্থানের বাহিরে অতিরিক্ত কোনো স্থান ব্যবহার করিতে পারিবেন না;

২৬) ভাড়া/ইজারা গ্রহীতাকে তাঁহার অনুকূলে বরাদ্দকৃত স্থান ও সংলগ্ন এলাকা সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখিতে হইবে;

২৭) চুক্তিপত্রের কোনো শর্ত ভঙ্গ করিলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ ভাড়া/ইজারা চুক্তি বাতিল করিতে পারিবে;

২৮) ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ শেষে বা বাতিলের পর কর্তৃপক্ষ সংশ্লিষ্ট স্পেস/এলাকা এই নীতিমালা অনুযায়ী অন্যত্র ভাড়া/ইজারা প্রদান করিতে পারিবে;

২৯) জাতীয় সম্প্রচার নীতিমালা, পরিবেশ নীতিমালা ও প্রযোজ্য অন্যান্য সরকারি নীতিমালা অনুসরণে বিজ্ঞাপন প্রচার করিতে হইবে। অশালীন বা দৃষ্টিকটু, সরকারি নীতির পরিপন্থী বা ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোনো বিজ্ঞাপন প্রদর্শন করা যাইবে না;

৩০) বিজ্ঞাপনে ব্যবহৃত ভাষা, ছবি, স্কেচ ইত্যাদির দায়-দায়িত্ব ভাড়া/ইজারা গ্রহীতার উপর বর্তাইবে;

৩১) কর্তৃপক্ষ ভাড়া/ইজারা প্রদত্ত স্থান ও স্থাপনা যে কোনো সময় যে কোনো প্রয়োজনে পরিদর্শন করিতে পারিবেন। পরিদর্শনকালে কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে;

৩২) পরিদর্শনে প্রাপ্ত অনিয়মের ভিত্তিতে ভাড়া/ইজারা বাতিল করা হইলে ভাড়া/ইজারা গ্রহীতা ৭(সাত) কর্মদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন;

৩৩) উভয় পক্ষই ০৩ (তিন) মাস পূর্বে লিখিত নোটিশ প্রদান করিয়া ভাড়া/ইজারা বাতিল করিতে পারিবে। এই ক্ষেত্রে তৃতীয় পক্ষকে প্রদত্ত ভাড়া/সাব-লেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে;

৩৪) প্রযোজ্যক্ষেত্রে ভাড়া/ইজারা মূল্যের উপর সার্ভিস চার্জ আরোপ করা যাইবে;

৩৫) ইজারামূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত ও সময়ে সময়ে পুনঃনির্ধারিত ভ্যাট, আয়কর, বিদ্যুৎ ও পানির বিল, সিটি কর্পোরেশন ট্যাক্স বা অনুরূপ অন্য যে কোনো ট্যাক্স বা বিল প্রদানে ভাড়া/ইজারা গ্রহীতা বাধ্য থাকিবেন।

৩৬) ভাড়া/ইজারা গ্রহীতার নিকট ভাড়া/ইজারা মূল্য, ভ্যাট, আয়কর বা অন্য কোনো পাওনা বকেয়া থাকিলে উহা কর্তৃপক্ষের নিকট জমাকৃত জামানত হইতে সমন্বয় করা যাইবে। এই ক্ষেত্রে এই নীতিমালা বা প্রচলিত আইন অনুযায়ী ভাড়া/ইজারা গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে;

৩৭) ডিএমটিসিএল-এর সংশ্লিষ্ট শাখা কর্তৃক বাণিজ্যিক স্পেসের তথ্য, ভাড়া/ইজারার তথ্য এবং অন্যান্য আনুসাঙ্গিক তথ্য ডিজিটাল ও ম্যানুয়াল উভয় পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে;

৩৮) ভাড়া/ইজারা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে টিম ডিএমটিসিএল এর সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপের অনুমোদন সাপেক্ষে এই নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করা যাইবে;

৩৯) এই নীতিমালার কোনো বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে;

৪০) এই নীতিমালা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

22.12.22

**মোঃ আহসান উল্লাহ শরিফী**
সহকারী প্রকল্প পরিচালক (ই এন্ড এইচএস)
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট; এবং
সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22/12/2022

**মোহাম্মদ সাইফুল কবির**
সহকারী প্রকল্প পরিচালক (ই এন্ড এইচএস)
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট; এবং
সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22/12/2022

**মোঃ রাকিব উদ্দিন**
প্রকল্প ব্যবস্থাপক (সিগন্যাল এন্ড টেলিকমিউনিকেশন)
এমআরটি লাইন-১; এবং
সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22.12.2022

**মোহাম্মদ মনিরুজ্জামান**
প্রকল্প ব্যবস্থাপক-৩
এমআরটি লাইন-৬; এবং
কো-অপ্ট সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22/12/2022

**মোঃ আব্দুল বাতেন ফকির**
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) (অতিরিক্ত দায়িত্ব)
ডিএমটিসিএল
এবং
সদস্য-সচিব
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা কমিটি

22.12.2022

**খোন্দকার এহতেশামুল কবীর**
অতিরিক্ত প্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ)
এমআরটি লাইন-৬
এবং
সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা কমিটি

22/12/22

**মোঃ সারওয়ার উদ্দীন খান**
প্রকল্প ব্যবস্থাপক-২ (অতিরিক্ত দায়িত্ব)
এমআরটি লাইন-৬; এবং
কো-অপ্ট সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22/12/2022

**ড. মোঃ মশিউর রহমান**
অতিরিক্ত প্রকল্প পরিচালক (সিভিল-আন্ডারগ্রাউন্ড)
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট; এবং
সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22/12/22

**মোঃ জাকারিয়া**
অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইএস এন্ড টি এন্ড ট্র্যাক)
এমআরটি লাইন-৬; এবং
সদস্য
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

22/12/2022

**মোঃ আফতাবুজ্জামান**
পরিচালক (অর্থ ও হিসাব)
ডিএমটিসিএল; এবং
আহ্বায়ক
ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা প্রণয়ন কমিটি

**ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ অনুমোদন**

ডিএমটিসিএল এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা প্রদানের নিমিত্ত একটি নীতিমালা প্রণয়নের জন্য গত ২৮ জুন ২০২২ তারিখ একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি একটি খসড়া নীতিমালা প্রণয়ন করে। কমিটি কর্তৃক প্রণীত খসড়া নীতিমালার উপর গত ৩০ অক্টোবর ২০২২ এবং ০৮ নভেম্বর ২০২২ তারিখে সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ এর ২(দুই)টি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার পর্যবেক্ষণের নিরিখে গঠিত কমিটি নীতিমালাটি সংশোধন ও পরিমার্জন করে পুনরায় দাখিল করে। সংশোধিত ও পরিমার্জিত নীতিমালা গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখ পুনরায় সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ এর সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ সংশোধিত ও পরিমার্জিত নীতিমালাটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করে।

ড. মো: মশিউর রহমান
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

মো: ছাইদুর রহমান
অধ্যক্ষ, এমআরটি ট্রেনিং সেন্টার
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

মোঃ আফতাবুজ্জামান
পরিচালক (অর্থ ও হিসাব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

নাসির উদ্দিন আহমেদ
পরিচালক (অপারেশন এন্ড মেইন্টেন্যান্স)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

মোহাম্মদ আবদুর রউফ
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

মোহাম্মদ আব্দুল ওহাব
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট

মোঃ আবুল কাসেম ভূঁঞা
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)

মোঃ আফতাব হোসেন খান
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট

মোঃ আফতাবউদ্দিন তালুকদার
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

এম, এ, এন, ছিদ্দিক
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

## পরিশিষ্ট-খ

### ডিএমটিসিএল-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা-২০২৩ এর সংশোধনী

**মূল নীতিমালার অনুচ্ছেদ-২ এর ৭ নম্বর ক্রমিকের পর নিম্নে উল্লিখিত ৭ (ক) সংযুক্ত হবে:**

**৭(ক) কর্পোরেট/বিশেষায়িত প্রতিষ্ঠান** অর্থ সরকারি/বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান এবং প্রযুক্তি নির্ভর, মানসম্পন্ন ও সুপরিচিত এবং মহানগরী/বিভাগীয়/জেলা শহর/বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ এলাকায় নিজস্ব ব্র্যান্ডের পণ্য/খাদ্যসামগ্রী/সেবার জন্য উল্লেখযোগ্য সংখ্যক বিক্রয়/সরবরাহ কেন্দ্র রহিয়াছে এমন প্রতিষ্ঠান;

**মূল নীতিমালার অনুচ্ছেদ-৩ (১)-এ**

এটিএম বুথ এর পর **"সিআরএম (Cash Recycling Machine)," শব্দসমূহ এবং**
Digi Box এর পর **"লকার," শব্দ যুক্ত হইবে।**

**মূল নীতিমালার অনুচ্ছেদ-৬ (১) এর স্থলে নিম্নোক্তভাবে ৬(১)(ক) এবং ৬(১)(খ) প্রতিস্থাপিত হইবে:**

**৬(১)(ক)** অবাধ প্রতিযোগিতার নীতি অনুসরণপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ভাড়া/ইজারা প্রদান করিতে হইবে। তবে নীতিমালার ৩(১) এ বর্ণিত ক্ষেত্রসমূহে কর্পোরেট/বিশেষায়িত প্রতিষ্ঠান হইলে কর্তৃপক্ষ ও ভাড়া/ইজারা গ্রহীতার মধ্যে দ্বিপাক্ষিক আলোচনার ভিত্তিতে বাজার দরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হারে বাণিজ্যিক স্পেস নবায়নযোগ্য বাৎসরিক চুক্তির মাধ্যমে ভাড়া/ইজারা প্রদান করা যাইবে। এই ক্ষেত্রে আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই নিজস্ব লেটারহেড প্যাডে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা গ্রহণের আগ্রহ প্রকাশ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, আগ্রহী প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত লটসমূহের ন্যূনতম এক-চতুর্থাংশ লটের স্পেস ভাড়া/ইজারা গ্রহণ করতে হইবে;

**৬(১)(খ)** নাটক, সিনেমা, প্রামাণ্যচিত্র ইত্যাদির শুটিং বা স্বল্প সময়ের কোন ক্যাম্পিং বা প্রচারণার উদ্দেশ্যে নির্দিষ্ট সময়ের জন্য ভাড়ার ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হারে ভাড়া প্রদান করা যাইবে;

(ড. মো: মশিউর রহমান)
অতিরিক্ত প্রকল্প পরিচালক
(সিভিল-আন্ডারগ্রাউন্ড)
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট

(মো: ছাইদুর রহমান)
অধ্যক্ষ, এমআরটি ট্রেনিং সেন্টার
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

(মোঃ আফতাবুজ্জামান)
পরিচালক (অর্থ ও হিসাব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

(নাসির উদ্দিন আহমেদ)
পরিচালক (অপারেশন এন্ড মেইন্টেন্যান্স)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

(মোহাম্মদ আবদুর রউফ)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

(মোহাম্মদ আব্দুল ওহাব)
প্রকল্প পরিচালক
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট

(মোঃ আবুল কাসেম ভূঁঞা)
প্রকল্প পরিচালক
এমআরটি লাইন-১

(মোঃ আফতাব হোসেন খান)
প্রকল্প পরিচালক
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট

(মোঃ আফতাবউদ্দিন তালুকদার)
প্রকল্প পরিচালক
এমআরটি লাইন-৬

(এম, এ, এন, ছিদ্দিক)
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড